# বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

তারিখঃ ০৪/০১/১৪২৬ বঙ্গাব্দ
১৭/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নং-০৫.০১.২৬৭২.১২৫.১১.০১৬.১৫.৫৯৮

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর নিম্নোক্ত শূন্য পদ পূরণের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | গ্রন্থাগারিক<br>৩৫৫০০-৬৭০১০/- | ০২টি | কোন বিশ্ববিদ্যালয়/পাবলিক লাইব্রেরী/সরকারি সংস্থায় গ্রন্থাগার ব্যবস্থাপনায় ৭ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে ১ম শ্রেণির মাস্টার ডিগ্রী। | সকল জেলা |

(বিদ্রঃ ইতোপূর্বে বর্ণিত পদে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন এই বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রের সাথে বিবেচনা করা হবে।)

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

১. প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক পরিপত্র মোতাবেক নির্ধারিত আবেদনের মডেল ফরমে আবেদন করতে হবে। আবেদনের মডেল ফরমটি বিপিএটিসির ওয়েব সাইট www.bpatc.org.bd ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd-তে পাওয়া যাবে।

আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টসমূহ সংযুক্ত করতে হবেঃ

ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদসহ অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত কপি;
খ) স্থানীয় চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদ;
গ) যে কোন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
ঙ) প্রতিটি আবেদনপত্রের সঙ্গে রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা বরাবরে এবং সোনালী ব্যাংক লিঃ, পিএটিসি শাখার অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার /পোষ্টাল অর্ডার;
চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত যথাযথ সনদপত্রেরসত্যায়িত কপি;
ছ) প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি;
জ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের কপি;

২. বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর হতে হবে (০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখে)।
৩. ডিজিটাল লাইব্রেরী পরিচালনার জন্য Koha, DSpace, Drupal প্রভৃতি Software ব্যবহারে পারদর্শীতা থাকতে হবে।
৪. ইংরেজি ভাষা লিখিত ও বাচনিক, ডিজিটাল লিটারেসি, গবেষণা পদ্ধতি, Communication skill ইত্যাদি বিষয়ে পারদর্শীতা থাকতে হবে এবং এসকল বিষয়ে প্রার্থীকে লিখিত, মৌখিক এবং ব্যবহারিক (শ্রেণী/অধিবেশন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। দেশী-বিদেশী জার্নালে পাবলিকেশন আছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৫. আবেদনপত্রে আবশ্যিকভাবে ই-মেইল এড্রেস/মোবাইল/ফোন নম্বর উলেখ করতে হবে।
৬. নিয়োগকৃত কর্মকর্তার চাকুরী বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে যে সকল বিষয় বিধিমালায় উলেখ নেই সেক্ষেত্রে চাকুরী সংক্রান্ত সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য আইন/বিধি প্রযোজ্য হবে।
৭. প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/ প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
৮. আবেদনপত্র আগামী ০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-১৩৪৩ বরাবর পৌঁছাতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
৯. আবেদনপত্রসমূহ যথাযথভাবে বাছাইয়ের পর বৈধ প্রার্থীদের নিকট প্রবেশপত্র ডাকযোগে পাঠানো হবে। বিশেষ অবস্থার প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশপত্র না পাওয়া গেলে বিপিএটিসি থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।
১০. মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট যাবতীয় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
১১. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. স্বাক্ষরবিহীন এবং অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিলযোগ্য।
১৩. হালনাগাদ তথ্যের জন্য বিপিএটিসির ওয়েব সাইট ভিজিট করা যেতে পারে।
১৪. সম্পূর্ণরূপে যোগ্যতা, নিরপেক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে। যে কোন ব্যক্তিগত যোগাযোগ ও তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১৫. সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা প্রচলিত নিয়মে সংরক্ষিত থাকবে
১৬. চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১৭. আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী হলে, সেক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে
১৮. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

(মোঃ [illegible] রহমান)
পরিচালক (প্রশাসন)
বিপিএটিসি, সাভার, ঢাকা।
টেলিফোন: ০২-৭৭৪৫০২৩